

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৭৮

আগরতলা, ২৯ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘ডাক্তারহীন হাসপাতাল’ শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ২৮ নভেম্বর, ২০২৪ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঘোড়াকান্ধা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দুই জন মেডিকেল অফিসার কর্তব্যরত রয়েছেন। এদের মধ্যে একজন মেডিকেল অফিসারকে অমরপুর মহকুমা হাসপাতাল থেকে ডেপুটেশনে ঘোড়াকান্ধা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা হয়েছে। ২৭ নভেম্বর, ২০২৪ একজন মেডিকেল অফিসার রুটিন ইম্যুনাইজেশন এর প্রশিক্ষণে দুই দিনের জন্য উদয়পুরে ছিলেন। কিন্তু অন্য মেডিকেল অফিসার ঘোড়াকান্ধা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রেই কর্তব্য পালন করছিলেন। তিনি ঐদিন খাবার খেতে কিছু সময়ের জন্য বাইরে গিয়েছিলেন। খাবার শেষ করে যথারীতি তিনি নিজ কর্তব্যে যোগ দেন। এখানে ঘোড়াকান্ধা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই, এই ঘটনা সঠিক নয়।
